2002

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# চট্টগ্রাম কারাগারে আটক ২০০ ছাত্রলীগ নেতাকর্মীর অনশন

চট্টগ্রাম অফিস : কারাগারে আটক ছাত্রলীগ নেতা দিদারুল আলম মাসুমের ওপর কারা অভ্যন্তরে নির্যাতনের প্রতিবাদে গতকাল শুক্রবার, চট্টগ্রাম কারাগারে প্রায় ২০০ ছাত্রলীগ নেতাকর্মী কয়েদি দিনভর অনশন করেছেন। ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৮

## চট্টগ্রাম কারাগারে

● প্রথম পাতার পর

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ছাত্রলীগ সিটি কলেজ শাখার সাবেক সভাপতি, মহানগর ছাত্রলীগ নেতা দিদারুল আলম মাসুমের সেলের সামনে পরিত্যক্ত অবস্থায় ডিম পাওয়াকে কেন্দ্র করে কারা কর্তৃপক্ষ তাকে নিয়ে গিয়ে মারাত্মক মারধর করে। ছাত্রলীগ নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, উক্ত সেলে ৩ জনের স্থানে ৭ জনকে রাখা হলেও কারা কর্তৃপক্ষ শুধু তাকেই নিয়ে গিয়ে ব্যাপক নির্যাতন চালায়।

এ সংবাদ কারা অভ্যন্তরে আটক অন্যান্য ছাত্রলীগ যুবলীগ ও বাইরের নেতৃবৃন্দের কানে গেলে তারা প্রতিবাদে ফেটে পড়েন। এ ছাড়া কারাগারে আটক যুবলীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ এ ঘটনার প্রতিবাদে সকাল থেকেই অনশন শুরু করেন। বিকাল সোয়া ৪টা পর্যন্ত অনশন চলে। ছাত্রলীগ নেতৃবৃন্দ জানান, কারাগারে আটক যুবলীগ নেতা ও ওয়ার্ড কমিশনার মামুনুর রশীদ মামুন, নিজাম হাজারী প্রমুখ এই অনশনের নেতৃত্ব দেন।